দ্বিপক্ষীয় সম্পর্ক ইতিবাচক রাখতে চায় ভারত: জয়সওয়াল



ছবি: সংগৃহীত

বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক ইতিবাচক ও গঠনমূলক রাখার আগ্রহের কথা জানিয়েছে ভারত। তবে আগামী সপ্তাহে নির্ধারিত দুই দেশের কনস্যুলার সংলাপ আপাতত হচ্ছে না। দুই পক্ষের আলোচনার ভিত্তিতে সুবিধাজনক সময়ে বৈঠকের নতুন তারিখ ঠিক করা হবে।

শুক্রবার (১৩ নভেম্বর) সাপ্তাহিক সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এ তথ্য জানান।

তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে ইতিবাচক, গঠনমূলক ও দূরদর্শী সম্পর্ক চায় ভারত। দুই দেশের মধ্যে বাণিজ্য, রেল যোগাযোগ, পানিসম্পদ ও সীমান্ত ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে প্রাতিষ্ঠানিক পর্যায়ে যোগাযোগ ও আলোচনা চলছে।

জয়সওয়াল জানান, পরবর্তী কনস্যুলার সংলাপের সময় দুই দেশ পারস্পরিক সুবিধা বিবেচনা করে নির্ধারণ করবে। সেখানে সংশোধিত ভ্রমণব্যবস্থা নিয়েও আলোচনা হতে পারে।

ভারতের এই মুখপাত্র আরও বলেন, বিদ্যমান কাঠামোর আওতায় কারিগরি পর্যায়সহ দ্বিপক্ষীয় সব বিষয়ে বাংলাদেশের সঙ্গে আলোচনায় বসতে প্রস্তুত নয়াদিল্লি।

সম্প্রতি শেখ হাসিনার দিল্লি থেকে দেওয়া ভার্চুয়াল বক্তব্যকে ঘিরে ঢাকা-দিল্লি সম্পর্কে নতুন করে অস্বস্তি তৈরি হয়। গত ৫ আগস্ট গণমাধ্যমের সঙ্গে ভার্চুয়ালি কথা বলেন ক্ষমতাচ্যুত এই প্রধানমন্ত্রী। এর পরিপ্রেক্ষিতে তার প্রত্যর্পণের দাবি আবারও জানায় বাংলাদেশ।

তবে ওই অনুষ্ঠানের সঙ্গে ভারতের কোনো সংশ্লিষ্টতা ছিল না এবং শেখ হাসিনার বক্তব্যকে সমর্থনও করে না বলে জানিয়েছিল নয়াদিল্লি।

২০২৪ সালের আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশ ছাড়েন শেখ হাসিনা। এরপর থেকে তিনি ভারতে অবস্থান করছেন।

সূত্র: দ্য নিউ ইন্ডিয়ান এক্সপ্রেস